

ধর্ষণ, ছিনতাই ও বিচারহীনতার বিরুদ্ধে

# ঢাকা কলেজের বৈষম্যবিরোধীদের মশাল মিছিল

অনলাইন রিপোর্টার

প্রকাশিত: ২৩:৩৭, ২২ ফেব্রুয়ারি ২০২৫; আপডেট: ২৩:৩৮, ২২ ফেব্রুয়ারি ২০২৫



ছবি: সংগৃহীত

সম্প্রতি রাজশাহীগামী চলন্ত বাসে ডাকাতি ও ধর্ষণ, মাওয়া ঘাটে ট্রলারে গৃহবধূকে ধর্ষণ, রংপুর মিঠাপুকুরে চতুর্থ শ্রেণীর শিক্ষার্থী ধর্ষণ, নগর জুড়ে ছিনতাই আতঙ্ক ও গণ-অভ্যুত্থান পূর্বের বিচারহীনতার নয়া সংস্কৃতি এবং শিক্ষাঙ্গনে সন্ত্রাস ও আধিপত্যের রাজনীতি কায়েমের বিরুদ্ধে মশাল মিছিল করেছে বৈষম্যবিরোধী ছাত্রআন্দোলন ঢাকা কলেজ শাখা।

শনিবার (২২শে ফেব্রুয়ারি) সোয়া দশটার দিকে ঢাকা কলেজ হলপাড়ায় জড়ো হয়ে আগুন জালিয়ে মশাল মিছিল বের করেন তারা। মিছিলটি হলপাড়া প্রদক্ষিণ করে সাইন্সল্যাব-নীলক্ষেত্র-নিউমার্কেট হয়ে ঢাকা কলেজের মূল ফটকে এসে শেষ হয়। এ সময় শিক্ষার্থীরা আমার সোনার বাংলায় ধর্ষকদের ঠাই নাই; আবু সাঈদ মুফ্ব শেষ হয়নি যুদ্ধ, ছিনতাইকারীর কালো হাত ভেঙে দাও, গুঁড়িয়ে দাও; সন্ত্রাসীদের আস্তানা ভেঙে দাও, গুঁড়িয়ে দাও বলে স্লোগান দিতে থাকেন।

সমাবেশে বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলনের ঢাকা কলেজ শাখার মুখপাত্র আশরাফুল ইসলাম হাফিজ বলেন, মাওয়াতে ফেরিতে গৃহবধু ধর্ষণ, রাজশাহী চলন্ত বাসে ধর্ষণ, নগর, জেলায়, রাজধানীতে অপরাধনীতি চলছে তার প্রতিবাদে আমরা বৈষম্যবিরোধীরা মশাল মিছিল করছি। গণঅভ্যুত্থানের পরে সন্ত্রাসীরা নির্বিঘ্নে চলাচল করছে।

স্বরাষ্ট্র উপদেষ্টা নিরাপত্তা নিশ্চিত করতে না পারলে পদত্যাগ করুন। আর চাঁদাবাজদের স্থান এই বাংলায় হবে না। নগরজুড়ে ছিনতাই আতঙ্ক আইনশৃঙ্খলা বাহিনীকে আরও সতর্ক থাকার আহ্বান জানাই। আমরা স্বরাষ্ট্র উপদেষ্টাকে বলবো কঠোর নজরদারি করুন নাহলে পদত্যাগ করুন।

বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলনের ঢাকা কলেজ শাখার সদস্য সচিব মো: সজিব উদ্দীন বলেন, গণধর্ষণ আওয়ামীলীগের সংস্কৃতি। যা বর্তমান সরকারের সময়ে বৃদ্ধি পাচ্ছে যা আমরা আশা করি না। আমরা বলতে চাই, স্বরাষ্ট্র উপদেষ্টা আপনি পদত্যাগ করুন। এদিকে আইন উপদেষ্টা আসিফ নজরুল বিচারহীনতার দায়ভার আপনাকে নিতে হবে, স্বীকার করতে হবে ধর্ষণের বিরুদ্ধে আপনাদের অক্ষমতা। এসব বিষয়ে প্রকাশ্যে এসে জবাব দিতে হবে।

এছাড়াও ছাত্ররাজনীতির নামে কেউ রগ কাটে, কেউ অস্ত্রের মহড়া দেয় আমাদের ২৪ এর গনঅভ্যুত্থানের রক্ত থাকতে ক্যাম্পাসে আমরা এমন কিছু করতে দেবো না। পরিশেষে বলতে চাই, অতি দ্রুত বিচার করুন, না হলে পদত্যাগ করুন। আর যেকোনো অন্যায়ের বিরুদ্ধে বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলন রাজপথে ছিল, সামনেও থাকবে।

---